# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪-২১), ৮, রাজউক এভিনিউ, ঢাকা।

## “দ্বিতীয় কারণ দর্শানো” বা চূড়ান্ত নোটিশ

নং- ৫৩.১৩,০০০০,০৫৮.২৭.০০৭.২৬/৭১৯ তারিখঃ ২৩ জুলাই ২০২৬

যেহেতু, আপনি মিজ্ যুথী রানী রায়, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, আইডি নং-২০১৫০০২৬ এর ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রশিক্ষণ শাখা-২ এর Record Number: 53.00.0000.000.231.25.0006.24.90, Date: 12 Mar 2025 নম্বরযুক্ত স্মারকের মাধ্যমে আপনার বহিঃবাংলাদেশ ছুটি অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে আপনি ১৩ মার্চ ২০২৫ তারিখ হতে ১১ মে ২০২৫ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিনের বহিঃবাংলাদেশ ছুটি ভোগ করেন;

যেহেতু, বহিঃবাংলাদেশ ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে পত্রের মাধ্যমে আপনার সন্তান Trisomy21 (Down Syndrome) এ আক্রান্ত হওয়ায় বিশেষায়িত চিকিৎসার জন্য ১০ মে ২০২৫ তারিখে ১১ মে ২০২৫ থেকে ০৮ আগস্ট ২০২৫ পর্যন্ত মোট ৯০ (নব্বই) দিন বহিঃ বাংলাদেশ ছুটি বৃদ্ধির আবেদন করেন;

যেহেতু, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ১২ মে ২০২৫ তারিখ এবং পুনরায় ১৮ মে ২০২৫ তারিখে বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের নিমিত্ত যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে অস্ট্রেলিয়ায় অবস্থিত বাংলাদেশ হাই কমিশন এর সুপারিশসহ আবেদন করতে আপনাকে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে আপনি গত ১৫ মে ২০২৫ তারিখে বাংলাদেশ হাই কমিশন, অস্ট্রেলিয়া এর সুপারিশসহ ৯০ (নব্বই) দিন বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের আবেদন করেন;

যেহেতু, বহিঃবাংলাদেশ ছুটি অনুমোদন ক্ষমতা অর্থ মন্ত্রণালয়ের মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয় সংরক্ষণ করেন বিধায় হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট এর ১৯ জুন ২০২৫ তারিখে প্রেরিত পত্রের মাধ্যমে আপনাকে কর্পোরেশনে যোগদান করে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন ও GO প্রাপ্তি সাপেক্ষে বেতন-ভাতাদি নিয়মিতকরণ করা হবে মর্মে জানানো হয়;

যেহেতু, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট এর ৩১ জুলাই ২০২৫ তারিখে প্রেরিত পত্রের মাধ্যমে আপনার পুত্রের চিকিৎসা সংক্রান্ত অগ্রগতি উক্ত ডিপার্টমেন্ট-কে অবহিত করার জন্য এবং নতুনভাবে বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত না হওয়ায় ০৯ আগস্ট ২০২৫ তারিখে কর্মস্থলে যোগদান করার জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, আপনি কর্মস্থলে যোগদান না করে ০৩ আগষ্ট ২০২৫ তারিখে পুনরায় ০৯ আগস্ট ২০২৫ থেকে ০৬ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত ১২০ (একশত বিশ) দিন বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের আবেদন করেন;

যেহেতু, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট এর ১৯ আগস্ট ২০২৫ তারিখে প্রেরিত পত্রের মাধ্যমে আপনাকে এক মাসের মধ্যে অর্থাৎ ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ জানানো হয় এবং উক্ত সময়ের মধ্যে যোগদান না করলে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে আপনাকে অবগত করা হয়;

যেহেতু, আপনি ২৬ আগস্ট ২০২৫ তারিখের পত্রের মাধ্যমে ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে কর্মস্থলে যোগদান সম্ভব নয় মর্মে অবহিত করে ০৯ আগস্ট ২০২৫ তারিখ হতে ০৬ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত মোট ১২০ (একশত বিশ) দিন বহিঃবাংলাদেশ ছুটি (পূর্ণ গড় বেতন/ অর্ধ গড় বেতনে অর্জিত ছুটি/ বিনা বেতনে) মঞ্জুরের জন্য আবেদন করেন;

যেহেতু, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর প্রশিক্ষণ শাখা-২ এর ১২ নভেম্বর ২০২৫ তারিখের পত্রের মাধ্যমে আপনার অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটির অতিরিক্ত দীর্ঘ সময় অননুমোদিতভাবে বিদেশে অবস্থানের বিষয়ে **ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**-এর বিদ্যমান বিধি মোতাবেক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে আইসিবিকে অনুরোধ জানানো হয়;

যেহেতু, কর্পোরেশনের তালিকাভুক্ত আইনজীবীর পত্র Ref: J4U/ICB/LD/Juthi Rani Roy/2025/656, Date: October 25, 2025 এর মতামত অনুসারে **ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ** কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৫১(গ) অনুযায়ী আপনি পলায়নের দায়ে অভিযুক্ত এবং প্রবিধান ৫২, ৫৪, ৫৫ এবং ৫৬ অনুযায়ী উক্ত আইনজীবী আপনার বিরুদ্ধে শাস্তি আরোপ/বিভাগীয় ব্যবস্থা নেওয়ার মতামত/পরামর্শ প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ/শৃঙ্খলা/আপিল ও জ্যেষ্ঠতা নির্ধারণ কমিটি **ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ** কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর সংশ্লিষ্ট প্রবিধান, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর সংশ্লিষ্ট বিধি এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনাপূর্বক আপনি মিজ্ যুথী রানী রায়, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, আইডি নং-২০১৫০০২৬ এর কর্মস্থল হতে পলায়নের জন্য ‘গুরুদণ্ড’ আরোপের বিষয়ে একমত পোষণ করে;

সেহেতু, আপনার উপরিউক্ত কর্মকান্ডের জন্য **ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ** কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৫২(১) (খ) অনুযায়ী কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত অথবা অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার কারণ এ নোটিশ জারীর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে পেশ করার জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনাকে **“দ্বিতীয় কারণ দর্শানো”** বা চূড়ান্ত নোটিশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোনো জবাব পাওয়া না গেলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চাকুরিবিধি অনুযায়ী আপনার বিরুদ্ধে একতরফাভাবে গুরুদণ্ড আরোপ করা হবে।

নির্দেশক্রমে

(আব্দুল্লাহ আল মামুন)
উপ-মহাব্যবস্থাপক
অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন